
ওয়াল্ট ডিজনী'র রসিক সম্রাট

ডনাল্ড ডাক

ইউনিভার্সাল অলিম্পিক



বাংলা অনুবাদ–পার্থ অরণ্যদেব



ডনাল্ড ডাক
আর
ইউনিভার্সাল অলিম্পিক
WALT DISNEY
গ্রীস!
এক সুন্দর
দিনে অবকাশ
যাপন।
হুমম!এখানে অনেক প্রাচীন ধ্বংসাবশেষ
ছড়িয়ে রয়েছে।এইসব সাইট গুলোয় শতবর্ষ
প্রাচীন জিনিসের সাক্ষাত পাওয়া যায়।এই
বইটা বেশ ভালো তো!



সত্যি তো,হুমম!মনে হয় কিছু একটা আমার **প্রত্নতাত্ত্বিক সত্ত্বা**কে টানছে।
SITO ARCHEOLOGICO
আরে বাহ! মনে হচ্ছে কোনো গুপ্তধনের সন্ধান আমি পাবোই।এই দেশটা তো উন্মুক্ত সংগ্রাহালয়।কে বলতে পারে হয়তো আমার হাত ধরে কোনো প্রাচীন বস্তুর আত্মপ্রকাশ ঘটতে চলেছে।
টানটা এখান থেকেই আসছে
উফফ!আমার যে আর তর সইছে না। স্যার ডনাল্ড তোমার নাম ইতিহাসেরপাতায় লিখিত হতে চলেছে।তাড়াতাড়ি খনন কর।
VLOP
আরে!একী... এতো... এযে...
শতবর্ষ প্রাচীন **সেরামিক** দিয়ে নির্মিত সামগ্রী!!!!**ইয়াপপপইইই**!! **আমি তো রাজা......**!!!!!
?


আরে এই ডাক..!!
আরে এসো এসো... আমার এই প্রাপ্তিযোগের জন্যে তুমি নিশ্চয় আমাকে শুভেচ্ছা জানাতে এসেছো?
মোটেই না গবেট ডাক!তোকে শাস্তি দিতে এসেছি।আমি তাদের খুবই ঘৃণা করি যারা সমুদ্রের তটভূমি নোংরা করে।!!!!দূর হয়ে যা এখান থেকে!!
ধমাস!!
গররররর!!! ভুল যে কেউ করতে পারে। আবার বলছি হাসবেনা তোমরা!! নাহলে উচিৎ শিক্ষা দেবো তোমাদের !!!!
হা! হা! হা!
বাহ!বিচ্ছু গুলো পালিয়েছে।ওদের পরে দেখছি!এখন যাই,গিয়ে একটু স্কুবা ডাইভিং করে আসি।মাথা ঠান্ডা করতে হবে।উফফ!
ওই অদ্ভুত লাইফগার্ডটা একদৃষ্টে আমাকে দেখেই চলেছে! আমি নীচে যাই!
ভ্রুমমম!
ডনাল্ড সাগরের নীচে এসে পৌঁছালো!!


বাহ!সমুদ্রের এই অংশটা তো খুব সুন্দর!যাই সামনে এগিয়ে দেখি তো কী আছে...!
আরে!বাপরে!
জেলীফিশদের থেকেই দুরেই পালাই বাবা!শুনেছি,ওদের শরীরে নাকী বিষ থাকে! একবার ছুঁলেই তো আমার জীবন শেষ!
উফফ!ভাগ্য ভালো,দুরে চলে গেছে। এবার আমি নিশ্চিন্তে জলবিহার করতে পারি!
হুমম!! আমার ধারনা ছিলনা যে সমুদ্র গুহা এত বড় হবে...!!


দেখি তো এখানে কী আছে!আরে এত ইঁট!সমুদ্রের তলায় পড়ে আছে,আর জল দূষন ঘটাচ্ছে। বেকার জিনিসপত্র!
আর তাই...
আমি ওই অদ্ভুত লাইফগার্ড কে দেখাবো যে,আমি কতোটা পরিবেশ সচেতন!!
এই সব আবর্জনা যথাস্থানে ফেলে দিলাম।
?!
আরে!!!থামুন থামুন আঙ্কেল ডনাল্ড কী করছেন আপনি ???? এসব আবর্জনা নয়,শতবর্ষ প্রাচীন টেরাকোটা ফলক!
সেকী ??
হ্যয়ি,তোমার কথা যদি ঠিক হয়...তারমানে...আমি সত্যিই মূল্যবান সামগ্রীর সন্ধান পেয়েছি???
হুররররেএএএ!!!! তাড়াতাড়ি চলো...এগুলো নিয়ে সংগ্রাহালয়ে যাই।



মি. ডনাল্ড!আমি সংগ্রাহালয়ের ডাইরেক্টর হওয়ার সুবাদে আপনাকে ধন্যবাদ জ্ঞাপন করতে আগ্রহী,কারণ আপনি ইতিহাসের ক্ষেত্রে খুব গুরুত্বপূর্ণ কাজ করেছেন!!
সংগ্রাহালয়



আমি ব্যক্তিগতভাবে খুবই রোমাঞ্চিত আপনার এই কাজে। আসুন,এবার দেখা যাক ফলকগুলোতে কী লেখা আছে...!!


পরে..
আরে!! এতো চমকপ্রদ ব্যাপার!
প্রফেসর কোচীবেচিশ! আপনি কী অসাধারণ,অদ্ভূত কিছুর সন্ধান পেলেন ???
হ্যাঁ!অসাধারণ অদ্ভুতই বটে! এখানে **পৃথিবীর সর্বপ্রাচীন অলিম্পিয়াড** সম্পর্কে ইতিহাস বর্ণিত আছে!!!!!
অলিম্পিয়াডের খেলাধুলার নাম অলিম্পিয়ান দেবতাদের নামানুসারে রাখা হত,কারন এই খেলা ওঁনাদের সম্মানার্থে খেলা হত!!
এখানে বিশেষ একজন ক্রীড়াবিদের ব্যাপারে লেখা আছে যিনি সব ধরনের খেলায় পদক পেয়েছিলেন। স্বয়ং **জিউস** তাঁকে পুরষ্কৃত করেছিলেন!!!
সেই খেলোয়াড়-কে জিউস বর দিয়েছিলেন যে,সেই খেলোয়াড়ের শক্তি ও সামর্থ্য ওর উত্তর পুরুষদের মদ্ধেও সঞ্চারিত হবে!!!



দ্বিতীয় ফলকেও ওই খেলোয়াড়ের ব্যাপারে বলা আছে.. যে,কেউই ওর খেলাধুলার আঙ্গীকের সমকক্ষ ছিলনা। ওর নাম ছিল...
...ডোনলাডিনোস।
কী অদ্ভুত!এই নামটা তো আমার নামের সাথে মিলে যাচ্ছে ...আশ্চর্য!!
বাচ্চারা!...হতে পারে উনি আমার-ই কোনো পূর্বপুরুষ ছিলেন!!!
আরে!! আঙ্কেল ডনাল্ড! কল্পনার পাখা মেলা বন্ধ করুন! বাস্তবের মাটিতে নেমে আসুন দয়া ক'রে।
এই দেখুন! তৃতীয় ফলকে ওনার ছবিও খোদিত আছে!
?
কোয়্যাক! আরে এতো হুবহু আমারই প্রতিবিম্ব!!!
PAPHERINOS


আমার সর্বদাই মনে হত যে,আমি কোনো বিশেষ উদ্দেশ্য সাধনের জন্যেই জন্মগ্রহণ করেছি।আমি ইউনিভার্সাল অলিম্পিয়ানের বংশধর। আর ওনার মতোই শ্রেষ্ঠ!!
আরে ছাড়ো তো!আমরা শুধুমাত্র একটা কাহিনীর সুত্র ধরে কিছুই বিশ্বাস করতে রাজী নই।
প্রফেসর,আপনি কী বলেন এই ব্যাপারে ?
আপনি বলুন প্রফেসর... কাহিনীটা শুনতে তো বেশ ভালোই লাগছে! কিন্তু এর সত্যতা কতদূর ?
তাহলে আমরা একই ধরনের কথাই ভাবছি বাচ্চারা...!!
CRASH
সেই রাতে সরাইখানায়, যেখানে ডাকস পরিবার আশ্রয় নিয়েছিল...
HOTEL


ডনাল্ড একটা অদ্ভুত স্বপ্ন দেখল..
তোমাকে সবাই ভুল বললেও তুমিই ডোনালডিনোস!
আমার আদুরে বংশধর....
আমার খেলাধুলার অদ্ভুত শক্তি আর সামর্থ্য তোমার মধ্যে সঞ্চারিত হবে...
তুমিই আমার আসল উত্তরাধিকারী।
বাহ!
প্রতিভাধারী
শক্তিমান
শ্রেষ্ঠ
আমি... আমিই সেই


পরেরদিন সকালবেলা ডনাল্ড, প্রাত:রাশে আগের রাতের সব ঘটনা ভাইপোদের শোনালো !
আঙ্কেল ডনাল্ড,মনেহয় গতকালের ঘটনার প্রভাব পড়েছে আপনার ওপরে!
উফফ!তোমার সেই এক কথা!গতকাল থেকে তোমার আচরণেও কোনো কিছুর প্রভাব পড়েছে বলে মনে হচ্ছে।থামো!
CHOMP
আরে!আপনি একটু ঠান্ডা মাথায় নিজেই ভেবে দেখুননা!
হ্যাঁ এটা শুধুমাত্র একটা কাকতালীয় ঘটনা।
অবশ্যই!!আর আমাদের স্থির বিশ্বাস,প্রফেসর কোচীবেচিশও একই কথা বলবেন।
হ্যালো..হ্যাঁ..কিন্তু তোমার আঙ্কেলের স্বপ্নের ব্যাপারে তো আমাকে একটু ভাবতেই হবে হ্যাঁ...আচ্ছা...!!
সত্যতা প্রমাণের একটাই পথ আছে !! ডনাল্ডের শারীরিক সামর্থ্যের একটা পরীক্ষা নিতে হবে...!!



তোমার যদি সত্যিই মনে হয় যে,তুমি ডোনালডিনোস বা তাঁর বংশধর,তাহলে সেটা তুমি প্রমাণ করে দেখাও!
আমি প্রমাণ দিতে রাজী!আমি সবকিছুর জন্যেই সদাপ্রস্তুত!
একটু দূরে একটা হ্রদ আছে।আমরা সেখানে যাবো। আর...
"...আমি ওই হ্রদে তিন কিলোমিটার অবধি সাঁতার কাটব।বাচ্চারা,তোমরা প্রফেসরের সাথে হ্রদের পাশে যে দ্বীপ আছে,ওখানে আমার জন্যে অপেক্ষা কোরো।"
আমি সব রেকর্ড ভেঙ্গে তোমাদের সবাইকে বিশ্বাস করতে বাধ্য করব যে,আমিই ডোনালডিনোস এর যোগ্য উত্তরসূরী।
ও.কে.চ্যাম্পিয়ন আঙ্কেল!এবার আপনি আপনার শক্তির প্রদর্শন শুরু করুন।আমরা অধীর আগ্রহে অপেক্ষা করছি।
ছলাৎ! ঝপাং!


আমি সাথে করে কিছু খাবার নিয়ে এসেছিলাম.. ভেবেছিলাম যতক্ষন না আঙ্কেল ডনাল্ড আসছেন, আমরা উদরপূর্তী করে নেব!
ওঁনার এখানে পৌঁছাতে দেরী তো হবেই...
হুস্ফ হুস্ফ...
কোয়্যাক!! উনি তো এসে গেছেন !!
হুস্ফ হুস্ফ হুস্ফ...
কিন্তু...আপনি কয়েক মিনিটের মধ্যে কীভাবে চলে এলেন ?
জানি না...কী জানি কীভাবে সাঁতার কাটতে কাটতে হঠাৎ-ই এই দ্বীপের কাছে চলে এলাম...
ভারী অদ্ভূত তো!!!!



ব্যাপারটা একদমই পরিষ্কার,ডোনালডিনোস-এর শক্তিই আমাকে এই অসাধ্য সাধনে সামর্থ্য দিয়েছে!!
ওহো!
প্রথমে আমার প্রমাণের দরকার ছিল,এবার দেখছি সত্যিই আমার নিজের চিন্তা ধারার বদল ঘটাতে হবে।
তাহলে...এসব একদম সত্যি ???
আপনি সত্যি তাহলে ওই মহান খেলোয়াড়ের উত্তরাধিকারী...।
হুররররেএএ!!
হু...হু...ইয়া ইয়া...
আমি জানি এই ঘটনা থেকে কিভাবে লাভ ওঠানো যেতে পারে...!!
XYZ
আমি বেজিং অলিম্পিকে অংশগ্রহণ করে,পদক জিতে সারা দুনিয়াকে তাক লাগিয়ে দেবো!!





* কমিটি ফর প্লানেটারী স্পোর্টিং ইভেন্ট।




প্রসিডেন্ট "না" করে দিলেন...!!বুহুহু!!
CRONK
ওহ!!
আঙ্কেল স্ক্রুজ,আমার কাছে আপনার এই সমস্যার একটা সমাধান আছে...
সমাধান??? তাও আবার তোমার কাছে?? সত্যি বলছ? সমাধান ভেবে ভেবে আমার মাথা তো ঘুরছে...
আর মাথা ঘোরাবেন না আঙ্কেল!শুনুন...যদি আপনি কমিটিকে বলেন যে, আপনি ডাক টাউন থেকে একজন অসাধারন খেলোয়াড়কে অলিম্পিকে প্রতিনিধি হিসেবে পাঠাবেন...
...যে সকল খেলার বিজেতা হবে,তাহলে হতে পারে ওঁনারা এই এক্সক্লুসিভ সম্প্রচারের অধীকার আপনাকে দিয়ে দিলেন!!সমাধানটা কেমন ?
হুমম!বুঝলাম!কিন্তু এমন একজন মহান খেলয়াড় আমি পাবো কোথা থেকে ???
অনুসন্ধানের কী প্রয়োজন??সেই মহান খেলোয়াড় তো আপনার সামনেই দাঁড়িয়ে আছে আঙ্কেল স্ক্রুজ!!
হ্যাঁআআআআ!কী...কী...???


তোমার মাথা কী খারাপ হয়ে গেছে ?? সকাল সকাল মজা করার জন্যে কী আমাকে ছাড়া আর কাউকে পাওনি ?
SBONK
বাফস!!
থামুন আঙ্কেল স্ক্রুজ... ডনাল্ড আঙ্কেল সত্যি কথাই বলছেন।। আপনার জানা উচিৎ ....ব্রা।।ব্রা।।ব্রা... ডোনালডিনোস।
ওহো! তাহলে এই ব্যাপার...আহারে!বড় ভুল হয়ে গেছে আমার আদুরে ভাইপো।।আমাকে ক্ষমা কোরো..না বুঝে অন্যায় করেছি!!
"চলো,সবাই সি.পি.এস.ই-এর প্রধান দপ্তর- সি.ই.এস.পি তে যাই।"
আপনার মতে,আপনার ভাইপো পৃথিবীর শ্রেষ্ঠ খেলোয়াড় হওয়ার দাবীদার!!!...
CESP
মি. স্ক্রুজ ম্যাকডাক আপনি ধনী হতে পারেন,মজাও বেশ ভালই করেন।।কিন্তু আমাকে মাফ করবেন আমি এখন খুবই ব্যস্ত!
আরে...আরে... মি. গেম,একটু শুনুনই না...এতে আপনারই লাভ হবে!!



আপনি প্রফেসর কোচিবেচিসকে ফোন করে নিজের সন্দেহ দূর করতে পারেন!
!
ডনাল্ড সেরা প্রতিযোগী, আমি গ্যারান্টি দিচ্ছি। আমার চোখের সামনে ও দারুন প্রদর্শন দেখিয়েছিল!
ঠিক আছে। প্রদর্শন উত্তম হলে আপনারা এক্সক্লুসিভ হাইট পাবেন।
হুররররে!
তবে একটা শর্ত আছে। ডনাল্ড যদি গোল্ড মেডেল না পায়, তাহলে আপনাকে এক লক্ষ টাকা সি.পি.এস.ই কে ক্ষতিপূরণ বাবদ দিতে হবে।
হ্যাঁ...ডনাল্ড আমি তোমাকে বিশ্বাস করতে পারি তো?
আঙ্কেল, আপনি নিশ্চিন্তে সইন করে দিন!
CONTRATTO
আপনাকে আফসোস করতে হবেনা! হে...হে...হে...!
1
2
3



পরের দিন শুরু
হ'ল বেজিং
অলিম্পিক...



নিজের চোখে ইতিহাসের সাক্ষী হতে আমিও চলে এলাম।আমার নামও একদিন ইতিহাসের পাতায় লেখা থাকবে!
ঐ যে আঙ্কেল ডনাল্ড।
উনি ডাকটাউনের প্রতিনিধিদের ক্যাপ্টেন...
PAPEROPOLI
হে...হে...হে...এই রোমাঞ্চই আমার জয়ের নিশান...।
আরে আঙ্কেল স্ক্রুজ!ভাবুক হলেন নাকি?
সুবুক..সুবুক
আরে না না! এটা তো আনন্দের অশ্রু...কোটি টাকা হাতে আসবে, সেটাই ভাবছি...
হা!হা!হা!





বিকেলের দিকে...
আজকের খেলা এখানেই সমাপ্ত..
..আগামীকাল আমরা নতুন প্রতিযোগী আর ফলাফল নিয়ে দ্রুত ফিরে আসব, ...নমস্কার।
আঙ্কেল ডনাল্ড!আপনার কী মনে হচ্ছেনা যে অন্য প্রতিযোগীরা ভালোই প্রদর্শন করছে!...



আপনাকে আরো বেশী সময় ধরে শরীরচর্চা করতে হবে!
হ্যাঁ!যার ফলে আমি সুস্থ সবল থাকব!
আমাকে ভুললে চলবে না যে আমি মহান ডোনালডিনোসের উত্তরাধিকারী!
আমাকে কতৃপক্ষ আগে থেকেই তিনটি খেলার জন্যে বেছে নিয়েছেন!
GNIK
GNIK
মাত্র তিনটে খেলায় কেন ?
আমি বেশী খেলায় যুক্ত হয়ে নিজের সুনাম প্রচারে রাজী নই তাই!



পরের দিন...
আমি ডনাল্ডকে প্রতিযোগীতায় দেখার জন্যে উদগ্রীব!
ঐ দেখুন উনি ট্র্যাকে...
ডাকটাউনের ডনাল্ড পোল ভল্টের জন্যে তৈরী হচ্ছেন।
PAPER
CIN CIN
কাম অন আঙ্কেল.. যান...যান...
ওহ!!!



দুঃখে আমার চশমাটা ঝাপসা হয়ে গেল।ও কতটা লাফ দিল?
দুই মিটার...
প্লে-বার থেকেও কম...
হায় কপাল!!!
নিশ্চয়ই ও ঘাবড়ে গেছিল।দেখা যাক পরের বার কী হয়...
কিন্তু...
ডনাল্ডকে বহিষ্কার করা হ'ল।
গাবেট!মূর্খ!তোমাকে কিমা বানিয়ে খেতে ইচ্ছে করছে!দুর্বলতার শিরমণি তুমি।।
ছিঃ!...
ইয়ে.. মানে...


আমিও বুঝলাম না ব্যাপারটা...যে আমি হেরে গেলাম কী ভাবে?
আহা!আশা করি আমি জানি...কারণটা...
আমার কাছে ডোনালডিনোস না থাকাটাই এর কারণ!
কী যা তা বলছ তুমি?
ব্যাপারটা পরিষ্কার।উনি আমার থেকে দূরে থাকায় আমি ওঁনার শক্তি পাচ্ছি না!
যদি আমরা ওঁনার ছবিওয়ালা ফলকটা নিয়ে আসি তাহলে সব ঠিক হয়ে যাবে!
হুমম!সেটা হতেও পারে...
ঠিক আছে...আমি গ্রীসের সংগ্রাহালয়ের সাথে কথা বলে নিচ্ছি!


"শিঘ্রই একটা বাহনের ব্যাবস্থা কর!"
ROOOOAR
এবার আর কোনো অজুহাত চলবে না।গোল্ড মেডেল আমার চাই!
আমি এবার জিতবই আঙ্কেল!
প্রফেসর!এটা আপনি নিজের কাছে রাখুন।এটা আমার আশে পাশে থাকলে আমি শক্তি পাব!
RINOS
আগামী খেলা...১৪০০ মিটার ফ্রী-ষ্টাইল সাঁতার...
আমি বিফল হবনা!গ্রীসে তো এর থেকেও বেশী দূরত্ব পার করে ছিলাম!



আঙ্কেল ডলাল্ড ওয়েক-আপ!
হিহিয়ে..
খেলা শুরু হল...
SPLASH
আমি মহান ডোনালডিনোসের শক্তিকে অনুভব করছি!
আরে বাহ!শাবাস!
উনি প্রথম ল্যাপের পরে শেষের দিক থেকে দ্বিতীয় স্থানে!
ওঁনার স্ট্রোক বাড়ছে!উনি এক ধাপ এগিয়ে এখন!
হুররররেএএ!
হায়!উনি অসুস্থ হয়ে পড়ায় ওঁনাকে খেলা থেকে বহিষ্কার করা হ'ল!
নাআআআআ!!!


কিছুক্ষণ পরে হোটেলে...
গন্ডমূর্খ! তুমি কোনো ইউনিভার্সাল অলিম্পিয়ান নও! তুমি...তুমি হলে অকর্মণ্যের চ্যাম্পিয়ান!
না..মানে.. ইয়ে...
কিন্তু আমি এখনো নিজেকে ডোনালডিনোসের উত্তরাধিকারী ভাবি!
এটা সত্যি! কিন্তু ব্যাপারটা একটু অন্যরকম!
সেকী?? কেন??
আমার সহায়ক বলল যে, ওরা গ্রীসের ঐ একই সামুদ্রিক গুহা থেকে আরও একটা ফলক আবিষ্কার করেছে।


সঠিকভাবে বিশ্লেষণের পরে জানা গেল যে ঐ ফলকটা দ্বিতীয় শ্রেণির!
যার ফলে পুরো ইতিহাসে এল এক বিশাল পরিবর্তন!
সেটা কীরকম প্রফেসর?
জানা গেল,ইউনিভার্সাল অলিম্পিয়ান তো অন্য কেউ ছিল।ডোনালডিনোস তো একটাও রেস জিততে পারেনি।তাই বার বার ওকে নিয়ে মজা করা হ'ত।
কিন্তু...ওখানে তো লেখা ছিল যে ওঁনার সাথে কেউ প্রতিযোগীতা করত না।
হ্যাঁ!এর আসল অর্থ,জোকারদের সাথে কেউ কী করে প্রতিযোগীতা করতে পারে ?
তার মানে...আমি ইতিহাসের সব থেকে জঘন্য খেলোয়াড়ের উত্তরাধিকারী।
আর সেটা তুমি প্রমাণ করে দেখিয়ে দিয়েছ!গুররর!


তাহলে, গ্রীসের সাঁতারের ব্যাপারে আপনি কী বলবেন?
হ্যাঁ...সেটাও তো সত্যি ছিল!
আমাকে ঐ ব্যাপারটা অনুসন্ধান করতে হবে!
আর আমি জানি কোথায় খোঁজ নিতে হবে!
একটু পরে...
বন্ধুরা,রহস্য সমাধান হয়ে গেছে!
গ্রীসের বন্দর আধীকারিকের থেকে জানলাম যে...


"যখন ডনাল্ড সাঁতার কাটছিল।একটা বড় ঢেউ ওর অজান্তেই ওকে তটভূমিতে দ্রুত নিয়ে গেছিল।"
SPLOOOSH
গ্লুপ!
"এইভাবে কয়েক ঘন্টার সাঁতার কয়েক মিনিটেই সমাপ্ত হয়েছিল।"
আর আমাদের মনে হয়েছিল যে,ডনাল্ড কোনো বড় চ্যাম্পিয়ান!
গ্যাঁওক!...
আহা রে...আমার সুসময়ের সব স্বপ্ন জলে ভেসে গেল গো!!!
গুররররর!দুঃখ কোরো না।তোমার দুঃসময় তো এবার শুরু হবে!!
পাঁঠা কোথাকার!অলম্বুস!তোমার ভুলের জন্যে আমাকে এক লক্ষ টাকার ক্ষতিপূরণ দিতে হবে!


নীচে নাম এক্ষুনি! বেয়াদপ!! তোমাকে শাস্তি পেতেই হবে!
শাস্তি..?? হুমম!
সেই ভাবে..
আমি ততক্ষণ পর্যন্ত তোমাকে ধাওয়া করব,যতক্ষণ না পর্যন্ত তুমি ম্যারাথন জেতার উপযুক্ত হয়ে যাচ্ছ!
বাপ রে...এই রকম ট্রেনার থাকলে তো আঙ্কেল ডনাল্ডকে পাক্কা গোল্ড মেডেল পাওয়া থেকে কেউ আটকাতেই পারবে না!হা...হা...হা...
সমাপ্ত

গথাম নগরীর রাতের রক্ষক

ব্যাট ম্যান

